



ISO 9001:2015 Certified



প্রতিষ্ঠা  
সময়

**হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি  
শায়েষ্টাগঞ্জ, হবিগঞ্জ।**

দরালাপনি: অফিস- ০৮৩৩২-৫৬৪২ অভিযোগ কেন্দ্র: ০১০-০৮৩৩২-৫৬৬৬৩, ই-মেইল: [habigonjpbs@yahoo.com](mailto:habigonjpbs@yahoo.com), ওয়েবসাইট: [www.pbs.habigonj.gov.bd](http://www.pbs.habigonj.gov.bd)

শ্মারক নং-১৭.১২.৩৬৪৪.৫০৫.০১.৬০১.১১। ১০৭১

১৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
তারিখঃ- ২৯ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

**আন্তঃ পরিস নিয়োগ বিজ্ঞপ্তি**

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিম্নোক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পরিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা সম্পর্ক প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা							
০১	অফিস সেক্রেটারী	(ক)	কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	(খ)	প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৬০ (ষাট) অথবা বাংলায় ৪০ (চালিশ) শব্দ নির্দেশ (ডিক্টেশন) গ্রহণে সক্ষম হতে হবে।	(গ)	প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৩৫ (পয়ত্রিশ) অথবা বাংলায় ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।	(ঘ)	কম্পিউটার অপারেটর পদে সর্বশেষ ০৩(তিনি) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
		(ঙ)	বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্নের ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।	(চ)	সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিক্ষারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।	(ছ)	দাঙ্গরিক চিটিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভূত করনের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।	(ঝ)	দর্শনার্থীর সাথে সৌজন্যমূলক ও মাধ্যুর্যপূর্ণ আচরণ করার সক্ষমতা থাকতে হবে।
		(ঝ)	পরিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্ত পূরণ হতে হবে।						
০২	মিটার টেস্টিং সুপারভাইজার পদের সংখ্যা-০৩টি (কম/বেশী হতে পারে)	(ক)	মিটার টেস্টার হিসেবে ন্যূনতম ০৭(সাত) বছর নিয়মিত চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।	(খ)	কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।	(গ)	পরিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সহ পরিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্ত পূরণ করতে হবে।	(ঘ)	চাকুরীতে পারফরমেন্স এর জন্য উন্নত কলাকৌশল শিখার সমর্থ ও মানসিকতা থাকতে হবে।
		(ঙ)	এনার্জি মিটার মেরোমত ও রক্ষণাবেক্ষনের জন্য ব্যাপক কাজের সক্ষমতা ও কারিগরী জ্ঞান থাকতে হবে।	(ঝ)	সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩(তিনি) বছরের কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।				

**০১। আবেদন করার নিয়মাবলীঃ-**

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও চাকুরীতে নিয়মিতকরণের তারিখ (ঝ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সহ আবেদনপত্র সহকারে আগামী ১১/০৯/২০২১খ্রিঃ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েষ্টাগঞ্জ, হবিগঞ্জ এ স্ব-শরীরে উপস্থিত হয়ে পদোন্নতি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হল।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-**

- (ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি।
- (খ) পরিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমানপত্রের সত্যায়িত ফটোকপি।
- (গ) সর্বশেষ ০৩ (তিনি) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
- (ঘ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঞ্জিন ছবি।
- (ঙ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

চলমান পাতা-২

- (চ) প্রার্থীর বিবুকে বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- (ছ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি।
- (জ) সকল কাগজপত্র এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

### ০৩। পদোন্নতির জন্য সাক্ষাতকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নংঃ-

- (ক) সর্বশেষ ০৩(তিনি) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ত প্রাপ্ত হয়েছেন।
- (খ) সর্বশেষ ০১(এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ত প্রাপ্ত হয়েছেন।
- (গ) সর্বশেষ ০৫(পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরুদন্ত প্রাপ্ত হয়েছেন।
- (ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ত এবং একবার লঘুদন্ত প্রাপ্ত হয়েছেন।
- (ঙ) বিগত ০৩(তিনি) বছরের ভিতর একাধিকবার লঘুদন্ত প্রাপ্ত হয়েছেন।
- (চ) পদোন্নতির জন্য ০৩(তিনি) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।
- (ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্তপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।
- (জ) কোন কর্মচারীর বিবুকে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, উক্ত কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্তপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রম অতিবাহিত সময় পরিছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য (চলতি দায়িত্ব) পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মসূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট পদে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃক্ষি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। অতীত কর্মসম্পাদনের মান ও নির্বাচনী পরীক্ষা সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীদের মধ্য হতে জ্যেষ্ঠতা হিসেবে সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

০৬। চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৭। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পরিসের তোগলিক এলাকায় অর্থাৎ হবিগঞ্জ সদর, নবীগঞ্জ, আজমিরীগঞ্জ, বানিয়াচং, লাখাই, বাহুবল, মাধবপুর, চুনারুঘাট, সুনামগঞ্জ জেলার শাল্লা (আংশিক), দিরাই (আংশিক), জগন্নাথপুর (আংশিক) সিলেট জেলার ওসমানীনগর (আংশিক) এবং ব্রাহ্মনবাড়ীয়া জেলার বিজয়নগর (আংশিক) উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ধারা ০৭, ১৪ ও ১৬ প্রতিপালন করা হবে।

০৯। অত্র পরিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রওঁ সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। তবে পূর্ব হতে অত্র সমিতিতে স্বামী ও স্ত্রী হিসেবে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে শর্তাটি প্রযোজ্য নয়।

১০। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-৩

(পাতা নং-০৩)

- ১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পরিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৩। যে কোন আবেদন পত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

শ্রী ইত্তে  
২০১৮

(মোঃ মোতাহার হোসেন)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি:- (সদয় অবগতি ও বিজ্ঞপ্তি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধ সহ)

- ০১। নির্বাচনী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পরিস উৎ ও পৎ (পূর্বাঞ্চল) মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----- পরিস ১/২/৩/৪ (আবেদনপত্র অঙ্গামী করার অনুরোধসহ)।
- ০৪। ডেপুটি জেনারেল ম্যানেজার, সদর দপ্তর-কারিগরী/নোয়াপাড়া/নবীগঞ্জ/বানিয়াচং/চুনারুঘাট/লাখাই জোনাল অফিস, হাবিগঞ্জ পরিস।
- ০৫। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা), হাবিগঞ্জ পরিস।
- ০৬। এজিএম(ওএন্ডএম), বাহবল /মাধবপুর/আজমিরীগঞ্জ/ইনাতগঞ্জসাব জোনাল অফিস, হাবিগঞ্জ পরিস।
- ০৭। নোটিশ বোর্ড, হাবিগঞ্জ পরিস।
- ০৮। অফিস কর্পি/ মাস্টার কর্পি।

শ্রী ইত্তে  
২০১৮

(মোঃ মোতাহার হোসেন)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

৪/১